ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৩৪২০

আগরতলা, ২৮ অক্টোবর, ২০২৫

## প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

‘একমাত্র চিকিৎসকও ডেপুটেশনে বিশালগড় মহকুমা হাসপাতালে রোগীদের সোনোগ্রাফি পরীক্ষা বন্ধ,’’ এই শিরোনামে দৈনিক সংবাদ পত্রিকায় গত ২৪ অক্টোবর, ২০২৫ তারিখে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদটির পরিপ্রেক্ষিতে বিশালগড় মহকুমা স্বাস্থ্য আধিকারিক কর্তৃক প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে যে, বিশালগড় মহকুমা হাসপাতালে প্রতি সপ্তাহের বৃহস্পতিবার নিয়মিতভাবে সোনাগ্রাফি পরিষেবা প্রদান করা হয়। এই মহকুমা হাসপাতালে সোনোগ্রাফি প্রশিক্ষণপ্রাপ্ত একমাত্র চিকিৎসক ডাঃ রাজকিরণ দেববর্মা কর্মরত আছেন। তিনি রোস্টার অনুযায়ী ডিউটি পালন করেন এবং প্রয়োজনে অন্যান্য স্বাস্থ্য প্রতিষ্ঠানেও ডেপুটেশনে নিয়োজিত থাকেন। যদি কোনও কারণে বৃহস্পতিবার আল্ট্রাসনোগ্রাফি করা সম্ভব না হয়, তবে পরবর্তী কার্য দিবসে সাধারণভাবে এটি সম্পন্ন করা হয়। গত ২৪ অক্টোবর ২০২৫ তারিখেও মহকুমা হাসপাতালে আল্ট্রাসনোগ্রাফি পরিষেবা প্রদান করা হয়েছে, যদিও উক্ত দিনটি নির্ধারিত বহির্বিভাগ বন্ধের দিন ছিল। আল্ট্রাসনোগ্রাফিতে নিবন্ধিত সকল সুবিধাভোগীকে টেলিফোনের মাধ্যমে যথাযথভাবে তা জানানো হয়েছে। চলতি মাসের তৃতীয় সপ্তাহে আল্টাসনোগ্রাফি করা সম্ভব হয়নি কারণ ডাঃ রাজকিরণ দেববর্মা মেডিক্যাল ছুটিতে ছিলেন। এছাড়া, সুবিধাভোগীরা পূর্ব নিবন্ধন ছাড়া সরাসরি আল্ট্রাসনোগ্রাফি করাতে পারবেন না। কারণ, অত্যন্ত জরুরী কোন ও প্রয়োজন ছাড়া এটি তাৎক্ষণিকভাবে করা সম্ভব নয়।

এছাড়াও, গত ২৩ অক্টোবর ২০২৫ ফ্রি-ল্যাব টেস্টের রক্ত নমুনা সংগ্রহ না করার বিষয়ে জানানো হয়েছে যে, এই বিষয়ে হাসপাতাল কর্তৃপক্ষকে কোনো তথ্য প্রদান করা হয়নি। পরে জিজ্ঞাসা করার পর তারা জানিয়েছে যে, তাদের সিনিয়র কো-অর্ডিনেটর নির্দেশ দিয়েছেন নমুনা সংগ্রহ না করার, কারণ হরতাল পরিস্থিতিতে নমুনা পরিবহন করা সম্ভব নাও হতে পারে। এটি তৎক্ষণাৎ জাতীয় স্বাস্থ্য মিশনের মিশন অধিকর্তাকে লিখিতভাবে অবহিত করা হয়েছে। বর্তমানে বিশালগড় মহকুমা হাসপাতালের এমওআইসি ডিডিও, ল্যাব এবং ব্লাড ব্যাংকিং পরিষেবার দায়িত্বের পাশাপাশি মহকুমা স্বাস্থ্য আধিকারিকের দায়িত্বও পালন করছেন। ফলে সবসময় মহকুমা স্বাস্থ্য আধিকারিকের কক্ষে উপস্থিত থাকা তাঁর পক্ষে সম্ভব হয় না। সংবাদে উল্লেখিত সময়ে তিনি সাধারণ বহির্বিভাগে উপস্থিত ছিলেন।

*****